যুগান্তর

তারিখ 14 MAR 2015
পৃষ্ঠা 2 কলাম 8

# আজ দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্রলীগের মানববন্ধন

যুগান্তর রিপোর্ট

প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়কে অপহরণ ষড়যন্ত্রের প্রতিবাদে আজ শনিবার দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি ঘোষণা করেছে ছাত্রলীগ। শুক্রবার দুপুরে জাতীয় প্রেস ক্লাবের সামনে একই দাবিতে আয়োজিত মানববন্ধন থেকে এ কর্মসূচি ঘোষণা করা হয়।

মানববন্ধনে বক্তব্য দেন নৌপরিবহনমন্ত্রী শাজাহান খান, আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক জাহাঙ্গীর কবির নানক, সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক, কার্যনির্বাহী সংসদের সদস্য একেএম এনামুল হক শামীম, এসএম কামাল হোসেন প্রমুখ। বক্তারা বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়াকে গ্রেফতার করে বিচারের মুখোমুখি ও বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানকে দেশে ফিরিয়ে এনে বিচারের দাবি জানান। মানববন্ধনে নৌপরিবহনমন্ত্রী শাজাহান খান বলেন, খালেদা জিয়া মিথ্যাচারিণী খলনায়ক। তার কথা শুরু হয়েছে মিথ্যা জন্মদিন দিয়ে। এমন কোনো দিন বা ক্ষণ নেই, তিনি মিথ্যা বলেননি।

মানববন্ধন কর্মসূচিতে সংহতি প্রকাশ করেন ছাত্রলীগের সহসভাপতি জয়দেব নন্দী, যুগ্ম সম্পাদক শামছুল কবির রাহাত, ঢাকা বিশ্ববিদ্যালয় সভাপতি মেহেদী হাসান, সাধারণ সম্পাদক ওমর শরীফ, ঢাকা মহানগর উত্তরের সভাপতি এসএম রবিউল ইসলাম, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সভাপতি শরিফুল ইসলাম প্রমুখ।

**খালেদা জাওয়াহিরি ও লাদেনের উত্তরসূরি —ছাত্রলীগ :** বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়াকে জাওয়াহিরি ও ওসামা বিন লাদেনের উত্তরসূরি হিসেবে আখ্যায়িত করেছেন বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সভাপতি এইচএম বদিউজ্জামান সোহাগ।

শুক্রবার জাতীয় প্রেস ক্লাবের সামনে বাংলাদেশ ছাত্রলীগ আয়োজিত 'প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়কে যুক্তরাষ্ট্রে অপহরণ ও হত্যাচেষ্টার ষড়যন্ত্রকারী জঙ্গি খালেদা ও দুর্নীতিবাজ তারেক রহমানের বিচারের দাবিতে' এক মানববন্ধনে তিনি এ কথা বলেন। মানববন্ধনে আরও উপস্থিত ছিলেন ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক সিদ্দিকী নাজমুল আলম, সহসভাপতি জয়দেব নন্দী, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মেহেদী হাসান, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি শরীফুল ইসলাম প্রমুখ।